



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১৪৯/টাঙ্গাইল/২৪১৭

তারিখ: ২৬/১২/২০২৩

বিষয় : বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোহাম্মদ লিয়াকত হোসেন তালুকদার-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

- সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ২৪/০৯/২০২৩ তারিখের আবেদন।  
 (২) সহকারী বিদ্যালয় পরিদর্শক জনাব মো: রেজাউর রহমান-এর ২৩/১১/২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন।  
 (৩) বোর্ডের ০৩/১২/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।  
 (৪) ০৩/১২/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ০৫/১২/২০২৩ তারিখের ২২৯ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোহাম্মদ লিয়াকত হোসেন তালুকদার-এর বিরুদ্ধে ম্যানেজিং কমিটি কর্তৃক আনীত অভিযোগ- '১। ডিআইএ'র পরিদর্শনকালীন সময়ে দায়িত্ব অবহেলা; ২। প্রধান শিক্ষকের সাথে অসদাচরন; ৩। বিদ্যালয়ে ২৬ শে মার্চে শহীদদের সম্মানে ফুল দিতে অনীহা; ৪। বিদ্যালয়ের গোপনীয়তা বাহিরে প্রকাশ করে শৃঙ্খলা ভেঙ্গে দেয়া; ৫। প্রশ্নে আসে নাই এমন উত্তরে নম্বর প্রদান; ৬। তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী ৪১,০০০/- (একচল্লিশ হাজার) টাকা আত্মসাৎ করেছেন।'

এমতাবস্থায়, বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ০৩/১২/২০২৩ তারিখের সভায় বাদী ও বিবাদী উভয়ের উপস্থিতিতে তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং অভিযোগসমূহ পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণপূর্বক ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাঁকে চাকুরি হতে অব্যাহতি দেওয়ার জন্য সুপারিশ করা হয় এবং ০৫/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২২৯ তম বোর্ড সভায় বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোহাম্মদ লিয়াকত হোসেন তালুকদার-এর চূড়ান্ত বরখাস্তকরণের বিষয়টি অনুমোদন লাভ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩


প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি  
 বলরামপুর উচ্চ বিদ্যালয়  
 বলরামপুর, ভূঞাপুর  
 টাঙ্গাইল।

মেমো নং- ২৪১৭ (১১)

তারিখ: ২৬/১২/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। প্রধান শিক্ষক, বলরামপুর উচ্চ বিদ্যালয়, বলরামপুর, ভূঞাপুর, টাঙ্গাইল।
- ৮। জনাব মোহাম্মদ লিয়াকত হোসেন তালুকদার, সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), বলরামপুর উচ্চ বিদ্যালয়, বলরামপুর, ভূঞাপুর, টাঙ্গাইল।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

  
 সচিব ২৩/১২/২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
 ঢাকা।